রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia, Bangladesh
Phone : +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX : +88-02477786710-02477786715 /2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ০২/শিক্ষা/ইবি-২০২৬/৫২৮
Ref. No.

তারিখ : ২৬.০৬.২০২৬
Date:

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে D ইউনিটের বিশেষ কোটায় শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে D ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী, হরিজন/দলিত জনগোষ্ঠী(অন্ত্যজ) শারীরিক প্রতিবন্ধী ও পোষ্য কোটায় ভর্তির জন্য আবেদন করেছিল সে সকল শিক্ষার্থীদের প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে বিভাগসমূহে আগামী ২২/০৬/২০২৬ তারিখ হতে ২৩/০৬/২০২৬ তারিখের মধ্যে নিম্নে বর্ণিত তফসিল অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

তফসিল :

১। ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে শিক্ষার্থীদের ভর্তির জন্য D ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তি ও আনুষঙ্গিক ফি ৪,০৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফ্যাটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা, পরিবহন ফি ১,৯৬০/= টাকাসহ সর্বমোট ৬,৩৫০/= টাকা এ ছাড়াও ডীন অফিস ২৫০/= টাকা, বিভাগ উন্নয়ন ফি ৩,০০০/= টাকা ও অনাবাসিক শিক্ষার্থীদের হল সংযুক্তি ও আনুষঙ্গিক ফি বাবদ ৯১৫/= টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক নির্ধারিত রশিদ বই এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, পিএলসি ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২। কোটায় ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী ঃ

(ক) উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায় থেকে কোটায় আবেদনকারীদেরকে স্বীকৃত গোত্র প্রধান (যেমন চাকমা রাজা, মং রাজা) কর্তৃক প্রদত্ত সনদ অথবা বাংলাদেশ আদিবাসী ফোরাম কর্তৃক গোত্রের সমর্থনে প্রদত্ত সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(খ) হরিজন-দলিত জনগোষ্ঠী (অন্ত্যজ) সম্প্রদায় থেকে আবেদনকারীদেরকে তাদের সংগঠন প্রধানের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) শুধুমাত্র এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পুত্র-কন্যা পোষ্য হিসেবে গণ্য হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধান কর্তৃক পোষ্য সম্পর্কের প্রত্যয়নপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

16.06.26

CamScanner

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia, Bangladesh
Phone : +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX : +88-02477786710-02477786715 /2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ০২/শিক্ষা/ইবি-২০২৬/৫২৮
Ref. No.

তারিখ : ১৬.০৬.২০২৬
Date:

(৩) শর্ত পূরণের অভাবে নির্ধারিত কোটায় প্রয়োজনীয় সংখ্যক প্রার্থী পাওয়া না গেলে বা আসন খালি থাকলে তা অন্য কোন ভাবে পূরণ করার সুযোগ থাকবে না।

(৪) কোটার সুবিধা নিয়ে ভর্তি হওয়া শিক্ষার্থীগণ কোনক্রমেই বিভাগ পরিবর্তনের জন্য আবেদন করতে পারবে না।

এছাড়াও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ভর্তি ফরমের সাথে (ক) পাসপোর্ট আকারের সত্যায়িত ২(দুই) কপি ছবি। (খ) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পাশের একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট এর প্রত্যেকটির সত্যায়িত ফটোকপি। (গ) জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি (ঘ) পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি। (ঙ) অভিভাবকের আয়ের সনদপত্রের কপি সংযুক্ত করতে হবে। ভর্তি ফরমের সাথে অবশ্যই তাদের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট (ফেরৎযোগ্য) জমা দিতে হবে। মূল একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট ব্যতিত কোন ছাত্র-ছাত্রীকে ভর্তির অনুমতি দেওয়া হবে না।

উল্লেখ্য, এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পর যদি কোন শিক্ষার্থীর দাখিলকৃত একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট, প্রশংসা পত্র ও সনদ পত্র (যে কোন ধরণের সনদ পত্র) ইত্যাদি অসত্য বলে প্রমাণিত হয় তবে এই বিশ্ববিদ্যালয় হতে তার ভর্তি বাতিল করা হবে।

৫। ক্লাশ শুরু : ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ শুরুর বিষয়ে পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধ্যমে জানানো হবে।

16.06.26
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

স্মারক নং .. ৫২৮

তারিখ ঃ ১৬/০৬/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। ডীন,..........................................................................., অনুষদ, ইবি।
২। সমন্বয়কারী, .........................ইউনিট (ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬), ইবি।
৩। সভাপতি,........................................................................ বিভাগ, ইবি।
৪। প্রভোস্ট,..........................................................................হল, ইবি।
৫। পরিচালক, আই.সি.টি. সেল (বিজ্ঞপ্তিটি ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো),
৬। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক পি.এল.সি ইবি শাখা (ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখিত তফসিল অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭। নথি।

১৬.০৬.২০২৬
উপ-রেজিস্ট্রার(শিক্ষা)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া

CamScanner